

Visit of External Affairs Minister, Dr. S. Jaishankar, to France (February 20-23, 2022)

February 20, 2022

মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ডক্টর এস জয়শঙ্করের ফ্রান্স সফর (ফেব্রুয়ারী 20-22, 2022)

ফেব্রুয়ারী 20, 2022

1. ফ্রান্সের ইউরোপীয় মন্ত্রী এবং বিদেশমন্ত্রী মাননীয় জাঁ এভেস লে ড্রিয়ান এরসাথে দ্বিপাক্ষিক বিষয়ে আলোচনার জন্য মাননীয় পররাষ্ট্র ডক্টর এস জয়শঙ্কর ফেব্রুয়ারী 20, 2022 ফ্রান্স সফরে গিয়েছেন।

2. উভয় মন্ত্রীই কোভিড-19 অতিমারির সময় দুই দেশের মধ্যে থাকা নিকট সহযোগিতার সম্পর্কের বিষয়ে প্রশংসা করেছেন এবং তারা দুই দেশের কৌশলগত অংশীদারত্বকে আরো গভীর করার ব্যাপারে সম্মত হয়েছেন, বিশেষ করে বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা ও নিরাপত্তা, স্বাস্থ্য, শিক্ষা, গবেষণা ও উদ্ভাবন, শক্তি এবং জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রগুলিতে। এই প্রচেষ্টার অংশ হিসাবে তারা 'ক্ল ইকোনমী' এবং 'ওসেন গভর্ন্যান্স' এর উপর ভারত- ফ্রান্স রোডম্যাপ গ্রহণ করেছে যার লক্ষ্য হল প্রাতিষ্ঠানিক, অর্থনৈতিক, পরিকাঠামোগত, বিজ্ঞানে সহযোগিতার মাধ্যমে 'ক্ল ইকোনমীর' ক্ষেত্রটিতে অংশীদারত্ব জোরদার করা।

3. দুই দেশের জনগণের মধ্যে যোগাযোগ সহজ করার লক্ষ্যে দুই মন্ত্রী খেলাধুলার ক্ষেত্রটিতে সহযোগিতা বজায় রাখতে এবং তা আরও জোরদার করতে সম্মত হয়েছেন এবং শীঘ্রই খেলাধুলার উপর তাদের অভিপ্রায়ের বিষয়ে যৌথ ঘোষণা করতে সম্মত হয়েছেন। এ ছাড়াও তারা গণপ্রশাসনিক ক্ষেত্রে দীর্ঘদিন ধরে চলে আসা সহযোগিতা আরও শক্তিশালী করতে এবং ভারত ও ফ্রান্সের প্রাসঙ্গিক কতৃপক্ষের মধ্যে প্রশাসনিক সংস্কার করতে সম্মত হয়েছে।

4. ডক্টর জয়শঙ্কর এবং মিস্টার লে ড্রিয়ান আঞ্চলিক এবং বৈশ্বিক বিষয় নিয়েও আলোচনা করেছেন, বিশেষ করে ভারত-ইউ সম্পর্ক এবং ইউরোপীয় কাউন্সিলে ফ্রান্সের প্রেসিডেন্সির অগ্রগণ্য বিষয়গুলি, যা 2022 সালের 1 জানুয়ারি থেকে শুরু হয়েছে। এর পরিপ্রেক্ষিতে 22 ফেব্রুয়ারি 2022 ফ্রান্সের উদ্যোগে অনুষ্ঠিত হতে চলা ইন্দো-প্যাসিফিক সহযোগিতার উপর ইউ মিনিস্টার ফোরামের বিষয়ে তিনি প্রশংসা করেছেন। এই সভায় ইন্দো-প্যাসিফিক দেশসমূহ এবং ইউরোপের বিভিন্ন দেশের মন্ত্রীদের সহিত তিনিও অংশগ্রহণ করবেন। তারা ফ্রান্সের প্রেসিডেন্সির অধীনে ভারতের সাথে ইউ-এর মৈত্রী আরো তীব্র করতে সম্মত হয়েছেন এবং ইন্দো-ইউ মুক্ত বাণিজ্য ও বিনিয়োগ চুক্তি নিয়ে

কথাবার্তা বলার প্রয়োজনীয়তা এবং ইন্দো-ইউ যোগাযোগ বিষয়ক অংশীদারত্বের বাস্তবায়ন বিষয়ে একমত হয়েছেন।

5. ইউ মিনিস্টার ফোরামের পরিপ্রেক্ষিতে 22, 2022 তারিখে ফোরাম চলাকালীন “ইন্দো-প্যাসিফিক পার্কস পার্টনারশিপ” এর জন্য ইন্দো-ফরাসী যুগ্ম আহ্বান শুরু করার বিষয়ে একমত হয়েছেন। এই অংশীদারিত্বের লক্ষ্য হল সংরক্ষিত অঞ্চলগুলিতে স্থায়ী ব্যবস্থাপনার মাধ্যমে ইন্দো-প্যাসিফিক অঞ্চলের ক্ষমতা বাড়ানো যা ‘ইন্দো-প্যাসিফিক’ অঞ্চলে থাকা পাবলিক ও ব্যক্তিগত মালিকানাধীন প্রাকৃতিক পার্কগুলির ম্যানেজারদের যে অভিজ্ঞতা এবং বিশেষ জ্ঞান ও দক্ষতা রয়েছে তা জড়ো করে এবং শেয়ার করেহতে পারে।

6. দুই মন্ত্রী আফগানিস্তান, JCPOA, ইউক্রেনে উদ্ভূত পরিস্থিতি নিয়েও তাদের দৃষ্টিভঙ্গি বিনিময় করেছেন। তারা বহুপাক্ষিকতার নীতি এবং নিয়ম ভিত্তি করে শৃঙ্খলার প্রতি তাদের অঙ্গীকার পুনরায় ব্যক্ত করেছেন। তারা দুইপক্ষের আগ্রহের বিষয়গুলি নিয়ে ইউএন -এর নিরাপত্তা পরিষদে যোগাযোগ রেখে কাজ করার ব্যাপারে সম্মত হয়েছেন।

7. ডক্টর জয়শঙ্কর অন্যান্য উচ্চপদস্থ ফরাসী ব্যক্তিদের সাথে, ইউ কমিশনারদের সাথে এবং ইউ ইন্দ-প্যাসিফিক ফোরামে অংশগ্রহণকারী অন্যান্য দেশের বিদেশমন্ত্রীদের সাথেও বৈঠক করবেন।

প্যারিস

ফেব্রুয়ারি 20, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.